# স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য্য বিবরণী ঃ

স্থান ঃ- সভাপতির অফিস কক্ষ
তারিখ ঃ- ১৮/১১/২৫ইং
সময় ঃ- ১.০০ ঘটিকা

আলোচ্য সূচি ঃ

০১। গত সভার কার্য্য বিবরণী পঠন ও অনুমোদ।
০২। গঠিত নতুন কমিটির সদস্যদের পরিচিতি ।
০৩। বিভাগীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ।
০৪। বিবিধ।

অদ্যকার সভার অত্র কমিটির সভাপতি এর সভাপতিত্বে সভা শুরু হয়।সভাপতি-সভায় উপস্থিত সদস্যদের-শুভেচ্ছা জানান। অতঃপর সভার কাজ শুরু হয়। সভাপতির অনুমোতি ক্রমে সদস্য সচিব উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, গত সভার কার্য্যবিবরণী সভায় পাঠ করে শুনান। তাতে কোন সংশোধন বা বিয়োজন না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়।

বিভাগীয় আলোচনায়-উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জানান,তাঁর দাপ্তরিক কার্য্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। তবে উপজেলাধীন মাধ্যমিক পর্যায়ের কিশোরীদের প্রজনন ও স্বাস্থ্য সু-রক্ষার বিষয়ে প্রশিক্ষন প্রদান সংক্রান্ত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (উইজিডিপি) হতে একটি সংক্ষমতা উপ-প্রকল্প গ্রহন করার জন্য প্রস্তাব দেওয়া হয়। বাছাই কমিটির অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা পরিষদ সভায় পুনরায় চুরান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং-
অনুলিপি সদয় অবগরি জন্য।
০১। প্রশাসক, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও
০২। চেয়ারম্যান. -------- নং ---------- ইউপি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও
০৩। চেয়ারম্যান. -------- নং ---------- ইউপি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও

উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
বালিয়াডাঙ্গী ।